

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১০৯.২০১৭-৩৩৩


তারিখ : ২৫/৪/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-১০৬৯/২০১৭ বাদী জনাব মোঃ ইউনুস ভূঁইঞা, প্রোপাইটর, মেসার্স ভূঁইঞা ট্রেডার্স, পিতা-মৃত- সুমনদর হোসেন ভূঁইয়া, হোল্ডিং নং-৩২৭/৪ (৪র্থ তলা) দক্ষিণ যাত্রাবাড়ি, থানা-~~কাজী~~ যাত্রাবাড়ি, জেলা-ঢাকা -বনাম-সরকার ও অন্যান্য।

আমিরপুর ফেরিঘাট এবং বিষপুর ফেরিঘাট এর ইজারা বাতিলপূর্বক সীল টেন্ডারের মাধ্যমে পেশাদার ইজারাদারদের অংশগ্রহণে ইজারা প্রদানের দাবীতে বাদী কর্তৃক রীট পিটিশন নং-১০৬৯/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ৬০ (ষাট) দিনের মধ্যে বাদীর আবেদন নিষ্পত্তি করত: রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ ও সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।



(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।